

জেলে বাতা

ইউএস এ আইডি এর অর্থায়নে, ইকোফিস, ওয়াশ্‌ফিস বাংলাদেশ ও দক্ষিণ এশিয়া ও বাংলাদেশ মৎস্য অধিদপ্তরে সহায়তায়, কোস্ট ইকোফিশ প্রকল্প ভোলা থেকে পরিচালিত ভোলা জেলার মনপুরা, বোরহান উদ্দিন, দৌলতখান ও ভোলা সদর উপজেলার ইকোফিশ কর্মসূচির মাসিক বুলেটিন।

১ম বর্ষ, ৫ম সংখ্যা

ডিসেম্বর - ২০১৫ খ্রিস্টাব্দ

পৌষ - ১৪২২ বঙ্গাব্দ

ইলিশ (জাটকা)সরক্ষণ বিষয়ক আলোচনা সভা



গত ২৭ ডিসেম্বর থেকে ২৯ ডিসেম্বর '১৫ পর্যন্ত ইউ এস এ আইডি এর অর্থায়নে ওয়াশ্‌ফিস ও মৎস্য অধিদপ্তর এর সহযোগিতায় কোস্ট ট্রাস্ট এর বাস্তবায়নধীন এনহ্যান্সড কোস্টাল ফিশারিজ (ইকোফিশ) প্রকল্পের অধীনে জেলেদের নিয়ে ইলিশ (জাটকা) সংরক্ষণ বিষয়ক আলোচনা সভা ভোলা সদরের তুলাতলি, কোড়ালিয়া, দৌলতখানের কালিয়া, বোরহানউদ্দীনের জয়া এবং মনপুরার ভুইয়ারহাট গ্রামে সম্পন্ন হয়েছে।

উক্ত অনুষ্ঠান সমূহে অতিথি ছিলেন জেলা মৎস্য কর্মকর্তা, উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা, উপজেলা মৎস্য কর্মকর্তা সহকারী উপজেলা মৎস্য কর্মকর্তা, ক্ষেত্র সহকারী, ইউ পি মেম্বার। আর ও উপস্থিত ছিলেন ইকোফিশ প্রকল্পের সুবিধাভোগী জেলে পরিবারের বিভিন্ন ইলিশ সংরক্ষণ দলের নারী ও পুরুষ সদস্যরা এবং জেলে নেতা ও নেত্রীবৃন্দ সহ অন্যান্য পেশার জনসাধারণ।

বক্তারা জেলেদের কে জাটকা মাছ আরহণ (১০ ইঞ্চির নীচে) না করার জন্য অনুরোধ করেন এবং নদীতে যে বা যাহারা জাটকা মাছ আরহণ করেন বা সরকারী ভাবে নিষিদ্ধ জাল, যে গুলি ইলিশ মাছ সহ অন্যান্য মাছের পোনা নষ্ট করে সে সকল জাল ব্যবহার করে তাদের কে সরকারের প্রচলিত আইনের আওতায় আনা হবে বলে সতর্ক করেন। উপস্থিত জেলেদের তাদের বক্তৃতায় নদীতে সকল ধরনের অবৈধ জাল এর ব্যবহার না করা এবং জাটকা মাছ না ধরার প্রতিশ্রুতি প্রদান করেন।

বিকল্প কর্মসংস্থানের জন্য জেলেদের মাঝে ছাগল বিতরণ

ইকোফিশ

প্রকল্পের উদ্দেশ্য হলো ইলিশ সম্পদ রক্ষায় জেলেদের মধ্যে সচেতনতা বৃদ্ধি করা। তারা যাতে করে সরকারের মৎস্য আইন মেনে চলে



ইলিশ মাছ ডিম ছাড়ার সময় এবং জাটকা রক্ষার সময় আবোরোধ মেনে চলে এবং সময় নদীতে না যায়। ১০ ইঞ্চির নিচের ইলিশ মাছ না ধরে এবং কারেন্ট জাল সহ যে সকল অবৈধ জাল ইলিশ সহ বিভিন্ন মাছের পোনা নষ্ট করে সে সকল জাল ব্যবহার থেকে বিরত তাকে সে জন্য ইকোফিশ প্রকল্পের অধীনে কোস্ট ট্রাস্টে বাস্তবায়নে জেলেদের মাঝে বিকল্প কর্মসংস্থান সহায়ক উপকরণ বিতরণ কার্যক্রমের অংশ হিসাবে ভোলা সদরের তুলাতলি, কোড়ালিয়া, দৌলতখানের কালিয়া, বোরহানউদ্দীনের জয়া এবং মনপুরার ভুইয়ারহাট গ্রামে ১৫২ টি জেলে পরিবারের মাঝে গরীবের গাভী (ছাগল) বিতরণ করা হয়েছে।

বিতরণ কার্যক্রমে উপস্থিত থেকে সমস্যাদের মাঝে গরীবের গাভী বিতরণ করেন জেলা মৎস্য কর্মকর্তা, উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা, উপজেলা মৎস্য কর্মকর্তা, সহকারী উপজেলা মৎস্য কর্মকর্তা, ইউ পি মেম্বার, স্থানীয় প্রধান শিক্ষক। এই সময়ে আরও উপস্থিত ছিলেন ইকোফিশ প্রকল্প কোস্ট ট্রাস্টের কর্মী ও প্রকল্পের সুবিধাভোগী জেলে পরিবারের বিভিন্ন দলের নারী ও পুরুষ সদস্যরা। সদস্যরা অত্যন্ত আনন্দের সাথে ছাগল গ্রহন করেন এবং কোস্ট ট্রাস্ট ও ইকোফিশ প্রকল্পকে কে ধন্যবাদ জানান।

জেলে পরিবারে মাঝে স্যানিটারী লেট্রিন বিতরণ

গত ২২ ডিসেম্বর ২০১৫ ইং তারিখ ইকোফিশ প্রকল্পের অধীনে দৌলতখান উপজেলার কালিয়া গ্রামে দরিদ্র জেলে



পরিবার, যারা দারিদ্রতার কারণে স্বাস্থ্য সম্মত পায়খানা ব্যবহার না করে খোলা পায়খানা ব্যবহার করছিল এমন ৭৩ পরিবারে মাঝে উপকরণ সহায়তা কার্যক্রমের অংশ হিসাবে স্বাস্থ্য সম্মত পায়খানা বিতরণ করা হয়েছে। যেখানে প্রতি টি পরিবার ৪টি করে রিং এবং ১টি করে স্লাব পেয়েছে।

বিতরণ অনুষ্ঠানে উপস্থিত থেকে স্বাস্থ্য সম্মত লেট্রিন বিতরণ করেন ওয়াশ্‌ফিশ প্রতিনিধি রাজির ঘোষ ও স্থানীয় ইউ পি সদস্য আবদুল মতিন মেম্বার, ইকোফিশ প্রকল্পের কোস্ট ট্রাস্টের কর্মী ও প্রকল্পের সুবিধাভোগী জেলে পরিবারের বিভিন্ন দলের নারী ও

পুরুষ সদস্যরা আনন্দ ঘন পরিবেশে স্যানিটারী লেট্রিন গ্রহন করেন।

ইকোফিশ প্রকল্পের সহায়তায় শাক-সবজীর বীজ বিতরণ

জেলেদের জীবনযাত্রার মান উন্নয়ন এবং তাদের পরিবারের আয় ও পুষ্টির উন্নয়নের লক্ষ্যে, কোস্ট টাস্ট এর বাস্তবায়নাধীন ইকোফিশ প্রকল্পের অধীনে কর্ম এলাকার ৭৫১ টি পরিবারে বিভিন্ন শাক-সবজির বীজ বিতরণ করা হয়। জাতে করে পরিবার গুলি তাদের বাড়ির আঙুনা ও

পতিত জায়গায় শাক সবজি চাষ করে নিজেদের পুষ্টির চাহিদা পূরণ করে অতিরিক্ত শাক সবজি বিক্রি করে কিছু আয় করতে পারে। শাক



সবজিগুলি হলো- লালশাক, পুঁইশাক, লাউ, বরবটি, টেঁড়শ, মিস্টি কুমড়া, শশা, চিচিংগা, ধনিয়া মোট= ৯ ধরনের শাক ও সবজির বীজ বিতরণ করা হয়। বীজ বিতরণের পর শাক-সবজী বপন করেছেন সুবিধাভূগি জেলে পরিবারের সদস্যরা। এইচ সি জি সদস্যদের সাথে কথা বলে জানা যায় তারা এই সকল বীজ থেকে উৎপাদিত শাক-সবজি থেকে কিছু নিজেরা খেয়েছে এবং কিছু বিক্রয় করে পরিবারের বাড়তি আয়ের পথ করেছেন।

এই প্রকাশনাটি প্রস্তুতকরনে প্রয়োজনীয় তথ্য দিয়ে সহযোগিতা করেছেন ইকোফিশ প্রকল্পের সকল কর্মী।

সকল প্রকার যোগাযোগ:

খোকন চন্দ্র শীল, প্রোগ্রাম সমন্বয়কারী

মোবাইল :- ০১৭১৩৩২৮৮৩৯

khokan@coastbd.net